গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নির্বাহী প্রকৌশলী, চুয়াডাঙ্গা পওর বিভাগ

এবং

তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কুষ্টিয়া পওর সার্কেল-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২০ - জুন ৩০, ২০২১

## সূচিপত্র


জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: জেলা / সার্কেল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: জেলা / সার্কেল অফিসের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৩

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৪

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৫

## জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the District/Circle Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

গঙা-কপোতাক্ষ সেচ প্রকল্প (জি.কে. সেচ প্রকল্প) বাংলাদেশের একটি অন্যতম বৃহৎ সেচ প্রকল্প। উক্ত প্রকল্প কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, ঝিনাইদহ এবং মাগুরা এলাকা পর্যন্ত বিস্তৃত। জি.কে সেচ প্রকল্পের এর আওতায় চুয়াডাঙ্গা জেলায় খরিফ-২ এ সেচযোগ্য জমির পরিমান ৯০০২ হেক্টর লক্ষমাত্রার বিপরীতে ৯১৬৬ হেক্টরে ও রবি মৌসুমে সেচযোগ্য জমির পরিমান ৬০১৮ হেক্টর লক্ষমাত্রার বিপরীতে ৭৩০০ হেক্টরে সেচ প্রদান করা হয়েছে এবং খরিফ-১ এ সেচযোগ্য জমির পরিমান ৮৪২ হেক্টর। লক্ষমাত্রা অর্জনে নিবিড় মনিটরিং অব্যাহত আছে। ফলে তৎসংলগ্ন এলাকার জনগনের আর্থসামাজিক উন্নয়ন, ফসল উৎপাদন বৃদ্ধি, পরিবেশগত ভারসাম্য রক্ষা, প্রকল্প এলাকায় দারিদ্রসীমা হ্রাসকরণ সাম্প্রতিক অর্জিত সাফল্যের অন্যতম।
অত্র বিভাগের আওতাধীন “৬৪টি জেলার অভ্যন্তরস্থ ছোটনদী, খাল এবং জলাশয় পুনঃখনন প্রকল্প (১মপর্যায়) (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের আওতায় ৮৯.৭১০ কিঃমিঃ নদ,নদী ও খাল পুনঃখননের কাজ প্রায় শেষ পর্যায়ে চলমান রয়েছে। “জি-কে সেচ পুনর্বাসন প্রকল্প” শীর্ষক প্রকল্পের আওতায় ২২৮টি আউটলেট নির্মাণ, ২৫টি পানি নিয়ন্ত্রণ অবকাঠামো মেরামত, ৩টি সাইফুন নির্মাণ, ১২টি ব্রীজ মেরামত, ২৬টি টারশিয়ারী খাল ও ৪টি সেকেন্ডারী খাল পুনঃআকৃতিকরণ, ১টি সেকেন্ডারী খাল পুনঃখনন করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

প্রকৃতিগত ভাবে মাথাভাঙ্গা, চিত্রা, নবগঙ্গা, কুমার, করতোয়া, নৌকারখাল সহ অন্যান্য নদীতে পলি জমার কারনে নদীর তলদেশ ভরাট হয়ে নদীর পানি ধারণ ক্ষমতা হ্রাস পাচ্ছে। এছাড়াও পলি জমে ভরাট হওয়ার ফলে নদীতে অবৈধ দখলদারদের সংখ্যা বেড়ে গেছে। নাব্যতা ফিরিয়ে আনার জন্য নদী, খাল ও অন্যান্য জলাশয় গুলো পুনঃখনন করা প্রয়োজন।
গঙ্গা- কপোতাক্ষ সেচ প্রকল্পের আওতাধীন বিভিন্ন সেচ খালের শুরু থেকে শেষ অবধি সেচের পানি সরবরাহ অত্র বিভাগের প্রধান চ্যালেঞ্জ। প্রতি বছরে দুই মাস ব্যতিরেকে বাকি দশ (১০) মাস সেচের পানি সরবরাহ করা হয়। এই দুই মাসে জি-কে প্রকল্পের আওতাধীন বিভিন্ন সেচখাল ও অবকাঠামোর মেরামত ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম পরিচালনা করা এই বিভাগের অন্যতম একটি চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

গত ২৯.০৯.২০২০ খ্রিঃ একনেক সভায় “ভৈরব নদী পুনঃখনন (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্প অনুমোদিত হয়। উক্ত প্রকল্পের আওতায় চুয়াডাঙ্গা জেলায় দামুড়হুদা উপোজেলায় ২৬.৩৫০ কিঃমিঃ নদী পুনঃখনন, ২৬.৩৫০ কিঃমিঃ খননকৃত মাটির ফাইন ড্রেসিং ও টার্ফিং, ১টি পানি নিয়ন্ত্রণ অবকাঠামো নির্মাণ, ৭কিঃমিঃ ওয়াকওয়ে নির্মাণ, ৪টি সারফেজ ড্রেনেজ আউটলেট নির্মাণ, ৪টি আরসিসি ঘাট নির্মাণ ও ৩৪৬৫টি বৃক্ষরোপণ করা হবে।

এছাড়াও “মাথাভাঙ্গা নদী পুনঃখনন প্রকল্প” এর সমীক্ষা কাজ বর্তমানে চলমান রয়েছে। মাথাভাঙ্গা নদীর ১০৬.৪০০ কিঃমিঃ পুনঃখনন করা হলে সংশ্লিষ্ট এলাকার সেচ ব্যবস্থার উন্নয়ন হবে। নদীর বেসিন ব্যবস্থাপনার মাধ্যমে শস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সেচ ব্যবস্থার উন্নয়নের ফলে অত্র এলাকা কৃষিজ অর্থনীতির চাকা আরো সচল হবে এবং অত্র এলাকার প্রাকৃতিক ভারসাম্য রক্ষা করা সম্ভব হবে।

**২০২০-২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ২০২০-২১ অর্থবছরে “৬৪টি জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল এবং জলাশয় পুনঃখনন প্রকল্প (১মপর্যায়) (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের আওতায় চুয়াডাঙ্গা জেলার ৭.৪৮০ কিঃমিঃ নদী/ খাল পুনঃখনন করা হবে।
- খননকৃত নদ-নদী ও খালের দু’ধারে রাখা মাটিতে ৯০.৩০০ কিঃমিঃ অংশে বৃক্ষরোপন করা হবে।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

নির্বাহী প্রকৌশলী, চুয়াডাঙ্গা পওর বিভাগ

এবং

তত্তাবধায়ক প্রকৌশলী, কুষ্টিয়া পওর সার্কেল-এর মধ্যে ২০২০ সালের ................. মাসের ................. তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## জেলা / সার্কেল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

জনগণের জীবনমান উন্নয়নে পানি সম্পদের টেকসই নিরাপত্তা।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

ক্রমাগত জলবায়ু পরিবর্তনের সঙ্গে সামঞ্জস্য রেখে পানি সম্পদেরসুষম ও সমন্বিতপানি ব্যবস্থাপনার মাধ্যমেজনগনের পানির চাহিদা পূরণ এবং টেকসই উন্নয়ন নিশ্চিতকরণ।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ জেলা / সার্কেল অফিসের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. পানি সম্পদ খাতে সরকারের বিবিধ নীতি নির্ধারণী কার্যকৌশল ও নির্দেশনার বাস্তবায়ন

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ
২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৪ কার্যাবলি (Functions)

১. ১। খাল খনন ও রক্ষণাবেক্ষণ এবং খাল খনন কর্মসূচীর আওতায় খালের উপর পানি নিয়ন্ত্রণ অবকাঠামো নির্মাণ এবং রক্ষণাবেক্ষণ;
২. ২। ভূমি সংরক্ষণ ও পুনরুদ্ধার, পানি নিষ্কাশন এবং জলাবদ্ধতা দূরীকরণ বিষয়ক কার্যাবলি;
৩. ৩। পানি সংরক্ষণ জলাধার নির্মাণ, বাঁধ ও ব্যারেজ নির্মাণ বিষয়ক কার্যাবলি; এবং
৪. ৪। নদীসমূহের পানি ধারণ ক্ষমতা বৃদ্ধি, ভাঙ্গনরোধের লক্ষ্যে নদী ড্রেজিং।

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা ২০২০-২১ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্হাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২১-২২ | ২০২২-২০২৩ | | |
| সেচ এলাকা এবং শস্য নিভিরতা বৃদ্ধি | ২.৩০ লক্ষ হেক্টরসেচ এলাকা এবং শস্য নিভিড়তার কভারেজ (ক্রমপুঞ্জিভূত) | শতাংশ | ৩০.০০ | ৩০.৫০ | ৩১.০০ | ৩১.৫০ | ৩২.০০ | কৃষি মন্ত্রণালয় ও স্থানীয় সরকার বিভাগ | পানি সম্পদ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **জেলা / সার্কেল অফিসের কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [১] পানি সম্পদ খাতে সরকারের বিবিধ নীতি নির্ধারণী কার্যকৌশল ও নির্দেশনার বাস্তবায়ন | ৭৫ | [১.১] দেশব্যপী বাঁধের ঢাল খালের পাড় এবং বাপাউবো’র নিজস্ব জায়গায় বৃক্ষরোপণ | [১.১.১] বৃক্ষরোপণের দৈর্ঘ্য | সমষ্টি | কিঃমিঃ | ৩০ | | | ৯০.৩০০ | ৮৯.০০০ | ৮৮.০০০ | ৮৭.০০০ | ৮৬.০০০ | ৩০.০০ | ২২.৭০ |
| | | [১.২] বাংলাদেশ ডেল্টা প্ল্যান ২১০০ এর আওতাভূক্ত কার্যক্রম বাস্তবায়ন | [১.২.১] ছোট নদী, খাল ও জলাশয় পুনঃখনন | সমষ্টি | কিঃমিঃ | ৪৫ | | ৭৮.৪৩০ | ৭.৪৮০ | ৭.০০০ | ৬.৬০০ | ৬.৩০০ | ৬.০০০ | ১৫.০০ | ১১.৩৫ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১১ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন | [১.১.১] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | | | | | | |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১২ | ১১ | | | | | |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা /অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১] অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১] অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৮ | [২.১] ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিস্পত্তিকৃত | সমষ্টি | % | ২ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | | |
| | | [২.২] উদ্ভাবনী /ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ বাস্তবায়ন | [২.২.১] নূনতম একটি উদ্ভাবনী /ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ চালুকৃত | তারিখ | তারিখ | ২ | | | ১৫.০২.২১ | ১৫.০৩.২১ | ১৫.০৪.২১ | ১৫.০৫.২১ | | | |
| | | [২.৩] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৩.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | সমষ্টি | জনঘন্টা | ২ | | | ৪০ | ৩০ | ২০ | ১০ | | | |
| | | | [২.৩.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | সমষ্টি | জনঘন্টা | ১ | | | ৫ | ৪ | | | | | |
| | | [২.৪] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | [২.৪.১] ন্যুনতম একটি আওতাধীন দপ্তর/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১ | | | | | | |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | সমষ্টি | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) /বাজেট বাস্তবায়িত | সমষ্টি | % | ২ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | সমষ্টি | % | ২ | | | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | | | |
| | | [৩.৪] স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা প্রস্তুত ও হালনাগাদকরণ | [৩.৪.১] স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা প্রস্তুতকৃত এবং হালনাগাদকৃত | তারিখ | তারিখ | ১ | | | ১৫.১২.২০ | ১৪.০১.২১ | ১৫.০২.২১ | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, নির্বাহী প্রকৌশলী, চুয়াডাঙ্গা পওর বিভাগ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কুষ্টিয়া পওর সার্কেল-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কুষ্টিয়া পওর সার্কেল হিসাবে নির্বাহী প্রকৌশলী, চুয়াডাঙ্গা পওর বিভাগ-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| নির্বাহী প্রকৌশলী<br>চুয়াডাঙ্গা পওর বিভাগ | তারিখ |
| তত্ত্বাবধায়ক প্রকৌশলী<br>কুষ্টিয়া পওর সার্কেল | তারিখ |

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | আরসিসি | রেইনফোর্সড সিমেন্ট কংক্রিট |
| ২ | জি কে | গঙ্গা কপোতাক্ষ |
| ৩ | বাপাউবো | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড |

# সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকের বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] দেশব্যপী বাঁধের ঢাল খালের পাড় এবং বাপাউবো'র নিজস্ব জায়গায় বৃক্ষরোপণ | [১.১.১] বৃক্ষরোপণের দৈর্ঘ্য | দেশব্যাপী বাঁধের ঢাল খালের পাড় এবং বাপাউবো'র নিজস্ব জায়গায় বৃক্ষরোপণ | নির্বাহী প্রকৌশলী, চুয়াডাঙ্গা পওর বিভাগ, বাপাউবো, চুয়াডাঙ্গা। | মনিটরিং টিমের পর্যবেক্ষণ প্রতিবেদন, মাসিক পর্যালোচনা সভা, বাপাউবো'র বার্ষিক প্রতিবেদন, আইএমইডি রিপোর্ট। | মনিটরিং টিমের পর্যবেক্ষণ প্রতিবেদন, মাসিক পর্যালোচনা সভা, বাপাউবো'র বার্ষিক প্রতিবেদন, আইএমইডি রিপোর্ট। |
| [১.২] বাংলাদেশ ডেল্টা প্ল্যান ২১০০ এর আওতাভূক্ত কার্যক্রম বাস্তবায়ন | [১.২.১] ছোট নদী, খাল ও জলাশয় পুনঃখনন | "৬৪ জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল ও জলাশয় পুনঃখনন (১ম পর্যায়) (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের আওতায় ছোটনদী, খাল ও জলাশয় পুনঃখনন। | নির্বাহী প্রকৌশলী, চুয়াডাঙ্গা পওর বিভাগ, বাপাউবো, চুয়াডাঙ্গা। | মনিটরিং টিমের পর্যবেক্ষণ প্রতিবেদন, মাসিক পর্যালোচনা সভা, বাপাউবো'র বার্ষিক প্রতিবেদন, আইএমইডি রিপোর্ট। | নদ,নদী ও খাল পুনঃখনন কাজের প্রি-ওয়ার্ক ও পোষ্ট ওয়ার্ক লেভেল বুকে এন্ট্রির মাধ্যমে মেজারমেন্ট বইয়ে অন্তর্ভূক্ত করা হয়। |

## সংযোজনী ৩: অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের কার্যালয় এর নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| অন্যান্য | ভূমি মন্ত্রনালয় | বাংলাদেশ ডেল্টা প্ল্যান ২১০০ এর আওতাভূক্ত কার্যক্রম বাস্তবায়ন | ছোট নদী, খাল ও জলাশয় পুনঃখনন | CS ম্যাপ অনুযায়ী চুয়াডাঙ্গা জেলাধীন সকল নদী-খালের সীমানা নির্ধারনে সহযোগিতাকরন। | নদী-খালের সীমানা নির্ধারন ব্যতিরেকে খনন কার্যক্রম পরিচালনা করা সম্ভব নয়। | সীমানা নির্ধারণ না হওয়া পর্যন্ত ভৌত কাজ আরম্ভ করা যায় না। এতে নির্ধারিত মেয়াদে প্রকল্প বাস্তবায়ন ব্যাহত হবে। নির্ধারিত মেয়াদে সমাপ্ত না হওয়ায় প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করতে হবে এবং প্রকল্প সুবিধাভোগিদের প্রকল্পের ইপ্সিত সুফল প্রাপ্তিতে বিলম্ব হবে। সরকারের বার্ষিক উন্নয়ন কর্মসূচির বাস্তবায়ন ব্যাহত হবে যা বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) লক্ষ্যমাত্রা অর্জনকে প্রভাবিত করবে। |